# বাংলাদেশ সেনাবাহিনী

## ৭৫ বিএমএ দীর্ঘ মেয়াদী কোর্স (পুরুষ/মহিলা)-পূন: বিজ্ঞপ্তি

দুঃসাহসিক নেতৃত্বের চ্যালেঞ্জ গ্রহণ করুন



GOLDEN OPPORTUNITY
চাকুরীর বিনিময়ে শিক্ষা





বিএমএ তে প্রশিক্ষণকালীন সময়ে নিম্নলিখিত ডিগ্রীসমূহ অর্জন করুন



**MIST এর অধীনে ইঞ্জিনিয়ারিং ডিগ্রী**
১। ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (EECE)
২। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)
৩। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ME)
৪। সিভিল ইঞ্জিনিয়ারিং (CE)

**BUP এর অধীনে স্নাতক (সম্মান) ডিগ্রী**
১। আন্তর্জাতিক সম্পর্ক (IR)
২। অর্থনীতি (Economics)
৩। পদার্থবিদ্যা (Physics)
এবং
৪। বিবিএ (BBA)

**বিশেষ দ্রষ্টব্য:** এই কোর্সে ইতোপূর্বে যারা আবেদন করেছেন এবং প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় কৃতকার্য/অকৃতকার্য হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

### যোগ্যতাঃ

১। **বয়স।** ০১ জানুয়ারি ২০১৫ তারিখে ১৭-২১ বছর (সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদের জন্য ১৮-২৩ বছর) এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। **শারীরিক মান (ন্যূনতম)।**

ক। **পুরুষ।**
(১) উচ্চতা ঃ ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি)।
(২) ওজন ঃ ৪৫.৩৬ কিলোগ্রাম (১০০ পাউন্ড)।
উচ্চতা ও বয়স অনুসারে অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে।
(৩) বুক ঃ স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)।
প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি)।

খ। **মহিলা।**
(১) উচ্চতা ঃ ১.৫৫ মিটার (৫ ফুট ১ ইঞ্চি)।
(২) ওজন ঃ ৪০.৮২ কিলোগ্রাম (৯০ পাউন্ড)।
উচ্চতা ও বয়স অনুসারে অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে।
(৩) বুক ঃ স্বাভাবিক- ০.৭১ মিটার (২৮ ইঞ্চি)।
প্রসারণ- ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)।

৩। **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)।** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে জিপিএ ৫.০০ পেয়ে উত্তীর্ণ (ইংরেজী মাধ্যমের প্রার্থীগণের জন্য 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে কমপক্ষে ৪টিতে **A*/A** গ্রেড ও ২টিতে **B** গ্রেড থাকতে হবে এবং 'এ' লেভেলে কমপক্ষে ২টি বিষয়ের মধ্যে ১টিতে **A** ও আরএকটিতে **B** গ্রেড থাকতে হবে)
* বিঃ দ্রঃ ২০১৪ সালের এইচএসসি পরীক্ষার্থীগণও আবেদন করতে পারবেন।

৪। **বৈবাহিক অবস্থা।** অবিবাহিত (সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীগণ বিবাহিত/অবিবাহিত)।

৫। **জাতীয়তা।** জন্ম/ডোমিসাইল সূত্রে বাংলাদেশী।

### অযোগ্যতাঃ

৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যে কোন সরকারী চাকুরী হতে অপসারিত/বরখাস্ত।

৭। আইএসএসবি (ISSB) কর্তৃক দুইবার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত (একবার স্ক্রিন্ড আউট ও একবার প্রত্যাখ্যাত হলে আবেদন করা যাবে)।

৮। আপিল মেডিক্যাল বোর্ড কর্তৃক অযোগ্য ঘোষিত।

### আবেদনপত্র সংগ্রহ পদ্ধতিঃ

৯। ০৬ জুন ২০১৪ তারিখ হতে **www.joinbangladesharmy.mil.bd** ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করা যাবে। এক্ষেত্রে ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান কোনায় APPALY NOW তে ক্লিক করে ৭৫ বিএমএ দীর্ঘমেয়াদী কোর্সে Apply করতে হবে। ওয়েব সাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে তাৎক্ষণিকভাবে কল-আপ লেটার পাওয়া যাবে। ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করা সম্ভব না হলে আবেদনপত্র প্রাপ্তির জন্য শুধু সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে "সেনাসদর, এজি শাখা, পিএ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস" এর নামে এবং সোনালী ব্যাংক, ঢাকা সেনানিবাস, কর্পোরেট শাখার অনুকূলে প্রদানযোগ্য ১০০০/- (এক হাজার) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার সংগ্রহ করতে হবে (পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)

১০। উক্ত ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার নিম্নোক্ত আবেদনপত্র প্রাপ্তির স্থানে জমা দিয়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

### আবেদনপত্র প্রাপ্তির স্থান (অনলাইনে আবেদন করা সম্ভব না হলে)ঃ

১১। স্টেশন সদর দপ্তর- ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, রাজশাহী, জাহানাবাদ (খুলনা), জালালাবাদ (সিলেট) ও রংপুর। এছাড়াও সদর দপ্তর রিক্রুটিং ইউনিট, আজিমপুর (ঢাকা) এবং জেলা সশস্ত্র বাহিনী বোর্ড- ঢাকা, ফরিদপুর, বগুড়া, যশোর, বরিশাল ও দিনাজপুর।

### নির্বাচন পদ্ধতিঃ

১২। **প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা।** প্রাথমিক নির্বাচনী (স্বাস্থ্য ও মৌখিক) পরীক্ষা আগামী ০৩ আগষ্ট হতে ২১ আগষ্ট ২০১৪ তারিখ পর্যন্ত বিভিন্ন সেনানিবাসে অনুষ্ঠিত হবে। অনলাইন ব্যতিত অন্যান্য আবেদনকারীগণ সাক্ষাৎকারপত্র বা প্রবেশপত্র না পেয়ে থাকলে বাংলাদেশ সেনাবাহিনীর ওয়েবসাইট **www.joinbangladesharmy.mil.bd** এবং আবেদনপত্রে উল্লেখিত কেন্দ্রের সেনানিবাসের প্রধান এমপি চেকপোস্টে প্রদর্শিত নামীয় তালিকা হতে ওএমআর নম্বরের ভিত্তিতে পরীক্ষার কেন্দ্র ও রোল নম্বর জানতে পারবে। পরবর্তীতে নির্দিষ্ট তারিখে পাসপোর্ট সাইজের দুই কপি ছবিসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে ডুপ্লিকেট সাক্ষাৎকারপত্র সংগ্রহ পূর্বক প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

১৩। **আন্তঃ বাহিনী নির্বাচনী পর্ষদ (ISSB) পরীক্ষা।** প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় যোগ্য প্রার্থীদের ঢাকা সেনানিবাসে অবস্থিত আইএসএসবি এর নিকট পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। আইএসএসবি'র জন্য আলাদা কলআপ লেটার সরাসরি আইএসএসবি প্রার্থীদের নিজ নিজ ঠিকানায় প্রেরন করবে। এই পরীক্ষা চার দিনে সম্পন্ন হবে এবং যাবতীয় ব্যয় সরকার কর্তৃক বহন করা হবে।

১৪। **চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা।** আইএসএসবি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৫। **চূড়ান্ত নির্বাচন এবং যোগদান নির্দেশিকা প্রদান।** স্বাস্থ্য পরীক্ষায় চূড়ান্ত যোগ্যতা অর্জন সাপেক্ষে প্রার্থীদেরকে সেনাবাহিনী সদর দপ্তর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত ঘোষণা এবং পরবর্তীতে যোগদান নির্দেশিকা প্রদান করা হবে।

### বিশেষ নির্দেশনাঃ

১৬। ক্যাডেট কলেজ, এমসিএসকে ও বিএনসিসি ক্যাডেটগণকে স্ব স্ব কলেজ/রেজিমেন্টের মাধ্যমে আবেদন করতে হবে।

১৭। আবেদনপত্র পূরণের নিয়মাবলী এবং অন্যান্য বিস্তারিত তথ্যের জন্য ওয়েবসাইট অথবা আবেদনপত্রের সংগে প্রদত্ত সাধারণ নির্দেশিকা পড়ুন।

১৮। অনলাইন ব্যতিত প্রার্থীদের সঠিকভাবে OMR (Optical Mark Reader) ফরম পূরণ করতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

### প্রাপ্ত সুযোগ সুবিধাঃ

১৯। **পেশাগত মর্যাদা।** প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার হিসেবে নিযুক্তি।

২০। **বিএমএ প্রশিক্ষণ।** ক্যাডেটগণ একাডেমিতে 'অফিসার ক্যাডেট' হিসেবে আখ্যায়িত হবেন এবং ৩ (তিন) বৎসরের প্রশিক্ষণ গ্রহণ করবেন।

২১। **কমিশন প্রাপ্তি।** ৩ (তিন) বছরের প্রশিক্ষণ শেষে অফিসার ক্যাডেটগণ লেফটেন্যান্ট পদবীতে কমিশন পাবেন।

২২। **বেতন ও ভাতাদি।**

ক। **প্রশিক্ষণকালীন বেতন।** অফিসার ক্যাডেটদের ক্ষেত্রে টাকা ১১,০০০/= এবং কমিশন প্রাপ্তির পর লেফটেন্যান্ট-এর বেতন ভাতা ও অন্যান্য আনুসাঙ্গিক সুবিধা প্রাপ্ত হবেন।

খ। **ভাতাদি।** পদবী অনুযায়ী মূল বেতনের সাথে অন্যান্য ভাতাদি প্রাপ্য। সরকারি পারিবারিক বাসস্থানের ব্যবস্থা না হলে মূল বেতনের ৪০-৪৫% পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা প্রাপ্তির সুবিধা।

২৩। **অন্যান্য সুযোগ-সুবিধা।**

ক। **সন্তানের অধ্যয়ন।** নিজ সন্তানদের জন্য ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (MIST), বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল (BUP) এবং সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজে অধ্যয়নের সুযোগ।

খ। **বাসস্থান ও চিকিৎসা।** নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন বাসস্থান প্রাপ্তি এবং দেশে-বিদেশে উন্নতমানের চিকিৎসা লাভের সুযোগ।

গ। **এএইচএস এবং ডিওএইচএস-এ প্লট/ফ্ল্যাট।** নির্ধারিত শর্ত সাপেক্ষে ঢাকা ও অন্যান্য স্থানে এএইচএস এবং ডিওএইচএস-এ প্লট/ফ্ল্যাট প্রাপ্তির সুবিধা।

ঘ। **জাতিসংঘ মিশন।** জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে যোগদান করে বিদেশ ভ্রমন ও আর্থিক সচ্ছলতা অর্জনের সুযোগ।

ঙ। **বিদেশে প্রশিক্ষণ।** প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে এবং কমিশন প্রাপ্তির পর মেধাবী ক্যাডেট এবং অফিসারগণের প্রশিক্ষণের জন্য বিদেশে গমনের সুযোগ।


চ। **বৈদেশিক নিয়োগ।** বাংলাদেশ দূতাবাস সমূহে সামরিক/সহকারী সামরিক উপদেষ্টা পদে নিয়োগ প্রাপ্তির সুযোগ।

ছ। **উচ্চতর ডিগ্রী।** ব্যক্তিগত যোগ্যতার ভিত্তিতে স্নাতকোত্তর ও পিএইচডি ডিগ্রী অর্জনের সুযোগ।

**পরিচালক**
**পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর**
**এ্যাডজুটেন্ট জেনারেল শাখা**
**সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস**



ফরম সংগ্রহ করে আবেদনের শেষ তারিখ: ২৮ জুন ২০১৪ এবং অনলাইনে আবেদনের শেষ তারিখ: ০৫ জুলাই ২০১৪
অনলাইনে আবেদন করতে ভিজিট করুন-
**www.joinbangladesharmy.mil.bd**



অনলাইনে আবেদনকারী প্রার্থীগণ টেলিটক এসএমএস অথবা VISA ও Master Card অথবা Trust Bank Mobile Money এর মাধ্যমে আবেদন ফি প্রদান সাপেক্ষে আবেদন করতে পারবেন।
বিস্তারিত জানতে ওয়েবসাইট দেখুন। ফরম ক্রয় করে আবেদনকারী প্রার্থীগণ ওএমআর নম্বর সংরক্ষণ করবে। বিশেষ তথ্যের জন্য যোগাযোগ করুনঃ কমিশন তথ্য সেল।
সামরিক এক্সচেঞ্জঃ ০২-৮৭১১১১১ বর্ধিত ২৪৮২ অথবা ০২-৯৮৩২৪৯৬ (সরাসরি) সেনাবাহিনী ওয়েবসাইট www.joinbangladesharmy.mil.bd

ISPR/ARMY/2014/2653/5/06/14
GD - 2444